গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

# নিয়োগ পত্র

নং-৩৩.০০.০০০০.১০৮.১১.০২০.১৫.১৩৯২

তারিখ ঃ ০২ ভাদ্র ১৪২৩ / ১৭ আগস্ট ২০১৬

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভূক্ত ৪র্থ শ্রেণির অফিস সহায়ক পদে নিম্নবর্ণিত প্রার্থীগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতনস্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | প্রার্থীর রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | নিজ জেলা | পদের নাম | বেতনস্কেল |
|---|---|---|---|---|---|
| ১. | ৫৭৭২ | সুমন কুমার সাহা<br>মাতা: রাজকুমারী সাহা<br>পিতা: স্বপন কুমার সাহা | ঝিনাইদহ | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০/- |
| ২. | ৫১৭৭ | মো: সামছুল আলম<br>মাতা: মোছা: চেন ভানু<br>পিতা: মৃত: আব্দুল লতিফ | পাবনা | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০/- |
| ৩. | ৫১২৪ | মো: অনিক ইসলাম<br>মাতা: মোছা: আফরোজা বেগম<br>পিতা: মো: হারুনুর রশীদ | বগুড়া | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০/- |
| ৪. | ৫৯৭০ | আহসান হাবীব<br>মাতা: মোছা: সুফিয়া খাতুন<br>পিতা: মো: আফাজ উদ্দীন | চুয়াডাংগা | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০/- |
| ৫. | ৬৪০৩ | মো: সবুজ<br>মাতা: মোসা: ফরিদা বেগম<br>পিতা: মো: রতন আলী ফকির | পটুয়াখালী | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০/- |
| ৬. | ৪০৯৩ | মোহাম্মদ আলী<br>মাতা: জায়েদা খাতুন<br>পিতা: মো: আব্দুর রহমান | হবিগঞ্জ | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০/- |
| ৭. | ৪৪০৮ | মৌসুমী আক্তার<br>মাতা: সাহারা খাতুন<br>পিতা: মামুনুর রশিদ | দিনাজপুর | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০/- |

## নিয়োগের শর্তাবলী ঃ

ক. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

খ. (প্রযোজ্য ক্ষেত্রে) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদসহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র।

গ. (প্রযোজ্য ক্ষেত্রে) এতিম ও শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী/আনসার ও গ্রাম প্রতিরক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

ঘ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকুরীর অবসান ঘটাতে পারবেন।

ঙ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২য় পৃষ্ঠায় দ্রষ্টব্যঃ

চ. নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।

ছ. যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

জ. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

ঝ. চাকুরীতে তাঁর/তাঁদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী।

ঞ. প্রার্থী বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহের অংগীকারাবদ্ধ হলে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

ট. কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র (Release Letter) গ্রহণপূর্বক জমা দিতে হবে।

ঠ. তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পাদন করতে হবে।

ড. এ চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০২। উপরি-উক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী **০১ সেপ্টেম্বর ২০১৬** তারিখে উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

১৭.৮.১৬

(জিএসএম জাফরউল্লাহ্)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৬৯৬
ই-মেইলঃ dsmofla@gmail.com

নং-৩৩.০০.০০০০.১০৮.১১.০২০.১৫.১৩৯২

তারিখ ঃ ০২ ভাদ্র ১৪২৩ / ১৭ আগস্ট ২০১৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ যুগ্মসচিব (নিরাপত্তা-২) নিয়োগপত্র/ লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রদর্শন সাপেক্ষে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ]।

৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৫। মন্ত্রির একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৬। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।

৭। প্রতিমন্ত্রির একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৮। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (নিরাপত্তা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩। জনাব/বেগম ..........................................................................................................

..........................................................................................................

১৭.৮.১৬

(জিএসএম জাফরউল্লাহ্)
উপসচিব